

**খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ**  
**খুলনা।**

**বিষয় :** কেডিএ'র নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ অর্থ বছরের ত্রৈ-মাসিক (অক্টোবর/২০১৯-ডিসেম্বর/২০১৯) এর সভার কার্যবিবরণী।

**সভাপতি :** ব্রিগেডিয়ার জেনারেল মো: আব্দুল মুকিম সরকার, পিবিজিএম,এনডিসি, পিএসসি, চেয়ারম্যান, কেডিএ, খুলনা।

**তারিখ ও সময় :** ১৬ অক্টোবর/২০১৯ বুধবার, বেলা ৩.০০ টা।

**স্থান :** কেডিএ সম্মেলন কক্ষ।

সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন।

- |  |  |
|--|--|
| ১। প্রধান প্রকৌশলী, কেডিএ, খুলনা।                      | - সদস্য                                |
| ২। সচিব, কেডিএ, খুলনা।                                 | - সদস্য                                |
| ৩। জনাব মুনতাসির মামুন, সহকারী প্রকৌশলী, কেডিএ, খুলনা। | - বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা       |
| ৪। জনাব মো: মামুনুল আবেদীন, অডিট অফিসার, কেডিএ, খুলনা। | - সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। মন্ত্রণালয়ে প্রেরিত কেডিএ'র ২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। উক্ত কাঠামোর ক্রমানুসারে উক্ত অর্থ বছরের ত্রৈ-মাসিক (অক্টোবর/২০১৯-ডিসেম্বর/২০১৯) এর কার্যক্রমের উপর আলোচনা উপস্থাপন করার জন্য সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন।

আঃ সূচী নং০১	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন ও প্রমাণক
	বিগত ০৭/০৮/২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ অর্থ বছরের ১ম ত্রৈ- মাসিক সভার কার্যবিবরণীতে গৃহিত সিদ্ধান্তসমূহ নিশ্চিতকরণ ও বাস্তবায়ন।	সভাপতি বিগত ০৭/০৮/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দকে সর্বোচ্চ গুরুত্ব দেয়ার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন এবং এতে সকল সদস্য একমত পোষণ করেন।	কেডিএ'র নৈতিকতা কমিটির ৭/৮/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে প্রস্তুতকৃত পর্যালোচনার প্রতিবেদনে (পরিশিষ্টি-ক)। উল্লিখিত যে সকল শাখা/কর্মকর্তা অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতে বিলম্ব করেছেন বা অপূর্ণাঙ্গ প্রতিবেদন দিয়েছেন বা মোটেও অগ্রগতি প্রতিবেদন দেন নাই, তাদেরকে শুদ্ধাচার সংশ্লিষ্ট কার্যক্রমগুলো যথারীতি লক্ষ্যমাত্রা অনুযায়ী পালনের নির্দেশসহ ফোকাল পয়েন্ট কর্মকর্তা তদারকী করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/ পদ  <b>প্রমাণকঃ</b> সভার সিদ্ধান্ত ও সময় সময় কমিটি কর্তৃক চাহিত মোতা বেক তথ্যাদি।

বিস্তারিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহ ধারাবাহিকভাবে নিম্নে উপস্থাপন করা হলো।

আঃ সূচী নং০২	পরিবীক্ষণ কাঠামোর ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন ও প্রমাণক
১.	১.১	নৈতিকতা কমিটির সভা।	শুদ্ধাচার কাঠামো ২০১৯-২০২০ এ উল্লেখিত কার্যক্রমের ভিত্তিতে প্রতি ত্রৈ-মাসিকে শুদ্ধাচার বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে তা নৈতিকতা কমিটির সভায় আলোচনা করতে হবে মর্মে সকলে একমত পোষণ করেন।	বিগত ত্রৈ-মাসিকে প্রস্তুতকৃত শুদ্ধাচার বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন প্রতিবেদনের উপর আলোচনার জন্য প্রতি ত্রৈ- মাসিকে নৈতিকতা কমিটির সভা প্রথম পাক্ষিকে আয়োজন করে তার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।	নৈতিকতা কমিটি  প্রমাণকঃ নৈতিকতা কমিটির সভার কার্য বিবরণী
২.	২.১	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (Stakehold er) অংশগ্রহণে সভা	কেডিএ'র পরিকল্পনা শাখা, বৈষয়িক শাখা ও অথরাইজড শাখা কর্তৃক অংশীজনদেরকে নিয়ে বিভিন্ন সময়ে সভা হলেও তার কার্যবিবরণী প্রণয়ন করা হয় না। এখন থেকে প্রতি ত্রৈ-মাসিকে অনুষ্ঠিত সভাসমূহকে একত্রিত করে প্রতি ত্রৈ-মাসিকে একটি কার্যবিবরণী প্রকাশ করার এবং উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন হচ্ছে কিনা তা পরবর্তী সভায় আলোকপাত করতে হবে মর্মে সকলে একমত পোষণ করেন।	বিস্তারিত আলোচনার পর পরিকল্পনা শাখা, বৈষয়িক শাখা ও অথরাইজড শাখা স্ব স্ব শাখায় অনুষ্ঠিত অংশীজনদের অংশগ্রহণে সভাসমূহকে একত্রিত করে একটি কার্যবিবরণী প্রকাশ করবে এবং পূর্ববর্তী কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করে সভার কার্যবিবরণী ত্রৈ-মাসিক সমাপ্তির ৭ (সাত) কার্যদিবস পূর্বে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	পরিকল্পনা শাখা, বৈষয়িক শাখা ও অথরাইজড শাখা  প্রমাণকঃ সভার কার্য বিবরণী।
৩.	২.৩-২.৪	কর্মকর্তা/কর্মচারি দের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত এবং সুশাসন সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন	নাগরিক সেবা সহজী করণের মাধ্যমে সেবা নিশ্চিত করার লক্ষ্যে দক্ষতা ও নৈতিকতার উন্নয়নে কর্মকর্তা/কর্মচারীদের চাকরি ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ অব্যাহত রাখা আবশ্যিক মর্মে সভার সকলে একমত পোষণ করেন।	বিস্তারিত আলোচনার পর শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা মোতাবেক পূর্বের ত্রৈ-মাসিকের ন্যায় প্রশাসন ও সাধারণ শাখা চলতি ত্রৈমাসিকেও চাকরি ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	প্রশাসন ও সাধারণ শাখা  প্রমাণকঃ প্রশিক্ষণ হাজিরা
৪.	৩.১	ইমারত নির্মাণ বিধিমালা আলোকে অননুমোদিত	খুলনা মাস্টার প্লান ও ড্যাপ এরিয়ার মধ্যে অননুমোদিত নির্মাণ/ নির্মাণাধীন স্থাপনা চিহ্নিত করে সেগুলির বিষয়ে আইনানুগ কার্যক্রম	আলোচনা অনুযায়ী ইমারতের যে কোন প্রকার অননুমোদিত অবস্থা চিহ্নিত করে প্রতিটা কেস ওয়াইজ	অথরাইজড অফিসার  প্রমাণকঃ



আঃ সূচী নং০২	পরিবীক্ষণ কাঠামোর ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন ও প্রমাণক
		স্থাপনার বিরুদ্ধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন	গ্রহণ করতে হবে এবং গৃহীত কার্যক্রমের মাসওয়ারি বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে মর্মে সভায় সকলে একমত পোষণ করেন।	কার্যক্রম উল্লেখসহ প্রতিবেদন ও বাস্তবায়ন প্রতিবেদন (প্রমাণকসহ) প্রস্তুত করে প্রতি ত্রৈ-মাসিক সমাপ্তির ১০ (দশ) টি কার্য দিবসের মধ্যে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে পুনরায় সিদ্ধান্ত গৃহীত হলো।	বাস্তবায়ন প্রতিবেদন (সমর্থিত কাগজপত্রসহ)
৫.	৩.২	বেসরকারি আবাসিক প্রকল্পের উদ্যোক্তা / পরামর্শক ব্যক্তি বা প্রতিষ্ঠান নিবন্ধন ও প্রকল্প অনুমোদন পদ্ধতি বাস্তবায়ন	খুলনা মাস্টার প্লান তথা ড্যাপ এরিয়ার মধ্যে যে সকল বেসরকারি আবাসিক এলাকা গড়ে উঠেছে এবং গড়ে উঠছে সে সকল এলাকার উদ্যোক্তা প্রতিষ্ঠান সমূহের তাদেরকে তালিকা ৩১/১০/২০১৯ তারিখের মধ্যে প্রস্তুত করতে হবে। একই সাথে তাদেরকে নিবন্ধনের আওতায় এনে নিয়ন্ত্রণ এবং ব্যবস্থাপনা করার জন্য রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন- ২০১০ মোতাবেক কার্যক্রম গ্রহণ করার বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।	আলোচনা অনুযায়ী চলতি ত্রৈ-মাসিক সমাপ্তির পূর্বেই বেসরকারী আবাসিক প্রকল্পসমূহের উদ্যোক্তা/ প্রতিষ্ঠান সমূহের তালিকা প্রস্তুত করার এবং তাদেরকে নিবন্ধনের আওতায় আনয়ন করে রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন-২০১০ মোতাবেক নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা কার্যক্রম গ্রহণ করে গৃহীত কার্যক্রমের প্রতিটি পদক্ষেপের প্রমাণক নৈতিকতা কমিটির নিকট নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে মর্মে পুনরায় সিদ্ধান্ত গৃহীত হলো।	প্লানিং অফিসার  <b>প্রমাণকঃ</b> প্রকল্প নিবন্ধন ও অনুমোদন সংক্রান্ত প্রতিবেদন (যথাযথ তালিকা ও সমর্থিত কাগজপত্রসহ)
৬.	৪.২-৪.৫	ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদ	কেডিএর ওয়েবসাইটে বিভিন্ন সেবাবক্স যথাঃ শুদ্ধাচার সেবাবক্স, স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, তথ্য অধিকার সেবাবক্স ও অভিযোগ প্রতিকার সেবাবক্স শুদ্ধাচার কাঠামোতে লক্ষ্যমাত্রায় উল্লিখিত তারিখ অনুযায়ী হাল নাগাদ করার বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।	বিস্তারিত আলোচনার পর কেডিএর ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স, স্ব- প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, তথ্য অধিকার সেবাবক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স শুদ্ধাচার কাঠামোতে উল্লিখিত লক্ষ্যমাত্রার তারিখ অনুযায়ী হাল নাগাদ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	সহকারী সচিব ও সহকারী প্রোগ্রামার  <b>প্রমাণকঃ</b> কেডিএর ওয়েব সাইট



আঃ সূচী নং০২	পরিবীক্ষণ কাঠামোর ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন ও প্রমাণক
৭.	৬.১-৬.৪	প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন, এডিপি বাস্তবায়ন অগ্রগতি, অগ্রগতি পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন।	প্রকল্পসমূহের চলতি অর্থ বছরের ক্রয় পরিকল্পনা অনুমোদন, প্রকল্প মনিটরিং এর জন্য চলতি এডিপি বাস্তবায়ন অগ্রগতি, অগ্রগতি পরিদর্শন ও সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন প্রণয়নের জন্য ছক প্রস্তুত করা প্রয়োজন এবং নির্বাহী প্রকৌশলী (প্রকল্প) উক্ত ছক প্রস্তুত করে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবেন বলে সকলে একমত পোষণ করেন। নৈতিকতা কমিটি উক্ত ছক সংশ্লিষ্ট পিডিগণকে প্রেরণ করবেন মর্মে সভায় আলোচনা হয়।	নির্ধারিত সময়ের মধ্যে সকল পিডি ক্রয় পরিকল্পনা অনুমোদনের যাবতীয় কার্যক্রম গ্রহণ করবেন। তাছাড়া এডিপি অগ্রগতি বাস্তবায়ন এবং অগ্রগতি পরিদর্শন প্রতিবেদন প্রণয়নের নিমিত্তে নির্বাহী প্রকৌশলী (প্রকল্প) ছক প্রস্তুত করে তা চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবেন। নৈতিকতা কমিটি উক্ত ছক সকল পিডি বরাবর সরবরাহ করবেন এবং পিডিগণ ছক মোতাবেক প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	সকল প্রকল্পের পিডি ও নির্বাহী প্রকৌশলী (প্রকল্প) <b>প্রমাণকঃ</b> ক্রয় পরিকল্পনা অনুমোদন পত্র, এডিপি অগ্রগতি প্রতিবেদন পরিদর্শন প্রতিবেদন ও সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন।
৮.	৭.১-৭.২	পিপিএ ২০০৬ এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮ এর বিধি ১৬(৬) অনুযায়ী ক্রয় পরিকল্পনা ২০১৯- ২০২০ ওয়েব সাইটে প্রকাশ ও ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন।	পিপিএ ২০০৬ এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮ এর বিধি ১৬(৬) ধারার রাজস্ব বাজেটের বাৎসরিক ক্রয় পরিকল্পনা অনুমোদন করার বিধান আছে। ক্রয় সংশ্লিষ্ট প্রত্যেক শাখা কর্তৃক প্রণীত ক্রয় পরিকল্পনা অনুমোদন করার পর তা ওয়েবসাইটে প্রত্যেক শাখা কর্তৃক প্রকাশ করার এবং সকল ক্রয় কার্য ই-টেন্ডারের মাধ্যমে সম্পাদন করতে হবে মর্মে সভার সকলে একমত পোষণ করেন।	বিস্তারিত আলোচনার পর চলতি আর্থিক বছরে বিভিন্ন ক্রয় সংশ্লিষ্ট শাখা কর্তৃক অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করার ও সকল ক্রয় কার্য ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।	নির্বাহী প্রকৌশলী (রংবেঃ) ও অন্যান্য সকল ক্রয়কারি এবং টেন্ডার আহবান কারি কর্মকর্তা <b>প্রমাণকঃ</b> অফিস আদেশসহ এপিপি ও কেডিএর ওয়েব সাইটে প্রকাশ
৯.	৮.১	স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন	কেডিএর সিটিজেন চার্টারে উল্লিখিত সময় অনুযায়ী সেবা প্রদানকারী শাখা হিসাবে পরিকল্পনা শাখা, বৈষয়িক শাখা ও অথরাইজড শাখা সেবা প্রদান করবেন এবং সেবা প্রদানে ব্যত্যয় ও সেবা না প্রদানের ক্ষেত্রে যৌক্তিক কারণ উল্লেখসহ বিস্তারিত প্রতিবেদন ছকে প্রস্তুত করে নৈতিকতা কমিটির নিকট	সিটিজেন চার্টার বাস্তবায়ন শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অঙ্গীকার বিধায় পরিকল্পনা শাখা, বৈষয়িক শাখা, ও অথরাইজড শাখা সিটিজেন চার্টারে উল্লিখিত সময়ের মধ্যে সেবা সংক্রান্ত তথ্যাদি বিস্তারিতভাবে ছকে প্রস্তুত করে যথাযথ প্রমাণক	পরিকল্পনা শাখা, বৈষয়িক শাখা, অথরা ইজড শাখা এবং প্রশাসন ও সাধারণ শাখা




আঃ সূচী নং০২	পরিবীক্ষণ কাঠামোর ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন ও প্রমাণক
			প্রেরণ করতে হবে মর্মে উপস্থিত সকলে একমত পোষণ করেন।	সম্মত (কেস ওয়াইজ সেবা প্রদান, বিলম্ব হলে ব্যাখ্যা ও অপারগতার কারণ উল্লেখসহ) প্রতি ত্রৈ-মাসিকে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	প্রমাণকঃ সিটিজেন চার্টার বাস্তবায়ন প্রতিবেদন নির্ধারিত ছকে
১০.	৮.২-৮.৩	শাখা/অধিশাখা এবং অধিনস্থ অফিস পরিদর্শন, পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন	প্রত্যেক শাখা প্রধান ক্ষেত্র বিশেষে তাঁর অধস্তন কর্মকর্তা প্রতি ত্রৈ-মাসিকে কমপক্ষে ৫ (পাঁচ) বার শাখা পরিদর্শন করে কাজের গুণগত মান কর্মীদের স্বাস্থ্য, কর্ম পরিবেশ, বিন্যাস, ব্যবস্থাপনা ইত্যাদি যাচাই করবেন এবং কোন সমস্যা থাকলে তা চিহ্নিত করে সমাধানের সুপারিশ করবেন। সে অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন এবং নৈতিকতা কমিটি কর্তৃক প্রণীত ছকে প্রতিবেদন প্রস্তুত করতে হবে মর্মে সভায় সকলে একমত পোষণ করেন।	প্রত্যেক শাখা প্রতি ত্রৈ-মাসিকে কমপক্ষে ৫ (পাঁচ) বার শাখা পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদনের ও সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন নৈতিকতা কমিটি কর্তৃক প্রণীত ছকে প্রস্তুত করে নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	সকল শাখা প্রধান/অধস্তন কর্মকর্তা  প্রমাণকঃ পরিদর্শন প্রতিবেদন ও সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন
১১.	৮.৪-৮.৫	সচিবালয় নির্দেশমালা- ২০১৪ অনুযায়ী নথি শ্রেণি বিন্যাসকরণ ও বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ	ইতোপূর্বে গঠিত কমিটির প্রেক্ষিতে যে সব নথি শ্রেণিবিন্যাস করা আছে সে সকল নথি আগামী মাসের ১ম সপ্তাহে এক স্থানে জমা করে চেয়ারম্যান মহোদয়কে দেখাতে হবে। সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী “ক” “খ” “গ” ও “ঘ” শ্রেণীর নথি নির্ধারণ করে প্রত্যেক শাখায় সংরক্ষণ করতে হবে। সময়ে সময়ে বিনষ্টযোগ্য নথি বাছাই করে বিনষ্টের জন্য প্রশাসন ও সাধারণ শাখাকে অবহিত করার এবং ইতোপূর্বে গঠিত কমিটি কর্তৃক বাছাইকৃত বিনষ্টযোগ্য নথি বিনষ্টের জন্য চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন ও বিনষ্টের কার্যক্রম গ্রহণ করতে হবে মর্মে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।	আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হলো। (ক) ইতোপূর্বে গঠিত কমিটির সুপারিশ মোতাবেক বিনষ্টযোগ্য নথি আগামী মাসের প্রথম সপ্তাহে নীচতলার মিলনায়তনে এক স্থানে জমা করার জন্য প্রশাসন ও সাধারণ শাখা ব্যবস্থা গ্রহণ করবে। অতঃপর উহা চেয়ারম্যান মহোদয়কে দেখাতে হবে; (খ) বিনষ্টযোগ্য নথি বিনষ্টের জন্য চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন গ্রহণ করে প্রশাসন ও সাধারণ শাখা বিনষ্টের কার্যক্রম গ্রহণ করবেন; (গ) সচিবালয় নির্দেশমালা- ২০১৪ অনুযায়ী প্রত্যেক	প্রত্যেক শাখা প্রধান ও সহকারি সচিব  প্রমাণকঃ পরিদর্শন প্রতিবেদন ও বিনষ্টের জারিকৃত পত্র



আঃ সূচী নং০২	পরিবীক্ষণ কাঠামোর ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন ও প্রমাণক
				শাখার নথি শ্রেণী বিন্যাস করতে হবে। বিনষ্টযোগ্য নথি থাকলে তার তালিকা প্রশাসন ও সাধারণ শাখাকে অবহিত করতে হবে।	
১২.	৮.৬	গণশুনানী	কেডিএ'র পরিকল্পনা শাখা, বৈষয়িক শাখা, অথরাইজড শাখার সেবার বিষয়ে বিভিন্ন সময়ে গণশুনানী হলেও তার কার্যবিবরণী প্রণয়ন করা হয় না। এখন থেকে প্রতি ত্রৈ-মাসিকে অনুষ্ঠিত সভাসমূহকে একত্রিত করে প্রতি ত্রৈ-মাসিকে একটি কার্যবিবরণী প্রস্তুত করার এবং উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন হচ্ছে কি-না পরবর্তী সভায় আলোকপাত করতে হবে মর্মে সকলে একমত পোষণ করেন।	বিস্তারিত আলোচনার পর পরিকল্পনা শাখা, বৈষয়িক শাখা ও অথরাইজড শাখা প্রতি ত্রৈ-মাসিকে অনুষ্ঠিত গণশুনানীর একাধিক সভা একত্রিত করে একটি কার্যবিবরণী প্রস্তুত করবে এবং পূর্ববর্তী কার্যবিবরণী সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করে সভার কার্যবিবরণী ত্রৈ-মাসিক সমাপ্তির ৭ (সাত) কার্যদিবস পূর্বে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	পরিকল্পনা শাখা, বৈষয়িক শাখা, অথরা ইজড শাখা এবং  প্রমাণকঃ কার্য বিবরণী
১৩.	৯.১	ডিজিটাল পাশ প্রথা প্রবর্তন	কেডিএতে অনাহত সুবিধাভোগীদের প্রবেশ নিয়ন্ত্রণের জন্য প্রবেশদ্বারে চালুকৃত ডিজিটাল পাশ প্রথা অব্যাহত রাখতে হবে মর্মে সভায় সকলে একমত পোষণ করেন।	বিস্তারিত আলোচনান্তে কেডিএ এর প্রবেশদ্বারে চালুকৃত ডিজিটাল পাশ অব্যাহত রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	সহকারি সচিব
১৪.	৯.২-৯.৩	শুদ্ধাচার সংশ্লিষ্ট লিফলেট/হ্যান্ড বিল বিলিকরণ ও কেডিএর স্থাপনাসহ দৃশ্যমান স্থানে কেডিএ এর সিটিজেন চার্টার ও মূল্যের তালিকা সুদৃশ্য করে স্থাপন	মানবিক মূল্যবোধ, সততা নিষ্ঠা জাগ্রত করার জন্য শুদ্ধাচার সম্পর্কিত স্লোগান/বাক্য সম্বলিত লিফলেট/ হ্যান্ডবিল প্রস্তুত করে বিলি করা প্রয়োজন। কেডিএ এর বাসটার্মিনাল ও শহীদ হাদিস পার্কসহ বিভিন্ন দৃশ্যমান স্থানে কেডিএর সিটিজেন চার্টার সুদৃশ্য করে স্থাপন করতে হবে মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন। তাছাড়া DAP/ মাষ্টারপ্ল্যান জনগণকে অবহিত করার জন্য নওয়াপাড়া, ফুলতলা ও মংলাসহ গুরুত্বপূর্ণ স্থানে অধিক্ষেত্র (Jurisdiction) এলাকা	শুদ্ধাচার সম্পর্কিত স্লোগান/ বাক্য সম্বলিত লিফলেট/ হ্যান্ডবিল প্রস্তুত করে বিলি করতে হবে এবং কেডিএ এর বাসটার্মিনাল, শহীদ হাদিস পার্কসহ বিভিন্ন দৃশ্যমান স্থানে কেডিএর সিটিজেন চার্টার সুদৃশ্য করে স্থাপন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। তাছাড়া DAP /মাষ্টারপ্ল্যান জনগণকে অবহিত করার জন্য নওয়াপাড়া, ফুলতলা ও মংলাসহ গুরুত্বপূর্ণ স্থানে	নৈতিকতা কমিটি ও পরিকল্পনা শাখা, বৈষয়িক শাখা ও অথরাইজড শাখা

আঃ সূচী নং০২	পরিবীক্ষণ কাঠামোর ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন ও প্রমাণক
			নির্দেশক বোর্ড স্থাপনা করারও নির্দেশনা প্রদান করেন।	অধিক্ষেত্র (Jurisdiction) এলাকা নির্দেশক বোর্ড স্থাপনা করতে হবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হলো।	
১৫.	১১.১	শুদ্ধাচার কর্ম- পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ	শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য নৈতিকতা কমিটির নিকট চাহিদা মোতাবেক হিসাব রক্ষণ শাখা অর্থ বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সভায় সকলে একমত পোষণ করেন।	হিসাব রক্ষণ শাখা শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়নের জন্য অর্থ বরাদ্দের ব্যবস্থা অব্যাহত রাখবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	অর্থ ও হিসাব রক্ষণ অফিসার
১৬.	১২.৩	আওতাধীন আঞ্চলিক /মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	বিভিন্ন মার্কেট ও বাস টার্মিনালে শুদ্ধাচার কাঠামোর আওতায় কার্যাবলী পর্যবেক্ষণ করে সে অনুযায়ী ফিডব্যাক প্রদান ও বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে মর্মে সভায় সকলে একমত পোষণ করেন।	আলোচনায় উল্লেখিত বিষয়ে সিনিয়র বৈষয়িক অফিসার ফিডব্যাক প্রস্তুত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	সিনিয়র বৈষয়িক অফিসার  প্রমাণকঃ সভার নোটস ও ফিডব্যাক প্রতিবেদন

এছাড়া শুদ্ধাচার বাস্তবায়ন ও পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবেন মর্মে সভাপতি সংশ্লিষ্ট সকলকে সভার মাধ্যমে নির্দেশ প্রদান করেন। সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 ব্রিগে: জেনা: মো: আব্দুল মুকিম সরকার  
 পিবিজিএম, এনডিসি, পিএসসি  
 চেয়ারম্যান  
 কেডিএ, খুলনা  
 ও  
 সভাপতি  
 শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।